**৫.৩। আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশঃ**

৫.৩.১ প্রস্তাবকঃ জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম, চেয়ারম্যান।

পাউডার ডিএপি সারের উপর কৃষি মন্ত্রণালয়ের আরোপকৃত শর্তাবলীঃ

১। পাউডার আকারে ডিএপি বস্তার গায়ে "শুধুমাত্র মিশ্র সারের কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য বিক্রয়ের জন্য নয়" লেখা বাধ্যতামূলক।
২। ডিএপি পাউডার সারের গুণগতমান বজায় রাখতে হবে।
৩। ডিএপি পাউডার কোন ডিলার বা খোলা বাজারে বিক্রয়যোগ্য নয়।

**ইনোভেশন উদ্যোগ/ধারণাঃ** পাউডার ডিএপি সার বিক্রয়ের পদ্ধতি উদ্ভাবনঃ বাল্ক গোডাউনের জায়গা খালি ও কারখানাকে আর্থিকভাবে লাভবান করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের অনুমোদনের পরিপ্রেক্ষিতে টেন্ডারের মাধ্যমে ২,০০০.০০ (দুই হাজার) মেট্রিক টন পাউডার ডিএপি সার টন প্রতি ১৫,০০০.০০ (পনের হাজার) করে ক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাগণের আবেদন মূল্যায়ন কমিটির নিকট জমা পড়েছে। উক্ত আগ্রহী ক্রেতাগণের নিকট বিক্রয় কার্যক্রম সমাপ্ত করা হলে ৩ (তিন) কোটি টাকা উপার্জন সম্ভব হবে।

৫.৩.২ প্রস্তাবকঃ জনাব মোঃ শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি।

**ইনোভেশন উদ্যোগ/ধারণাঃ** কারখানার সেফটি বিবেচনায় Contractor এর অধীনে No work no pay basis Labour যারা আছেন তাদেরকে different বিভাগের জন্য different color এর Dress দেওয়া। SFCL এ বাস্তবায়ন করা হয়েছে এবং অন্যান্য কারখানায় Replication করা হচ্ছে।

৫.৩.৩ প্রস্তাবকঃ জনাব মোঃ শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা), বিসিআইসি।

**ইনোভেশন উদ্যোগ/ধারণাঃ** সকল কারখানার বিদ্যমান Critical Equipment এবং Heavy Equipment এর SOP স্ব স্ব Equipment এর গায়ে লাগানোর উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে যাহার বাস্তবায়ন চলমান আছে।

৫.৩.৪ প্রস্তাবকঃ জনাব চৌধুরী মোহাম্মদ হারুন, মহাব্যবস্থাপক (অপারেশন), টিএসপিসিএল

ইনোভেশন উদ্যোগ/ধারণাঃ **সালফিউরিক এসিড প্ল্যান্টে স্ক্র্যাবার স্থাপনঃ** টিএসপি সার তৈরীর নিমিত্তে অত্র কারখানায় ৪০০ মেঃ টন/ দিন স্থাপিত উৎপাদন ক্ষমতা সম্পন্ন সালফিউরিক এসিড প্ল্যান্ট চালু রয়েছে। মনসেন্টো কনটেক্ট সিষ্টেমে Single Contact Single Absorption প্রসেস ব্যবহার করে উল্লেখিত প্ল্যান্টে সালফিউরিক এসিড তৈরী করা হয়। সালফিউরিক এসিড প্ল্যান্ট চালু করার পর এর কনভার্টারের বিভিন্ন বেডের তাপমাত্রা প্রসেস প্যারামিটার অনুযায়ী নির্দিষ্ট মানে স্থির হওয়া এবং প্রসেসে $SO_2$/ $SO_3$ Conversion ও Absorption Ratio ডিজাইন মানে স্থির হওয়া পর্যন্ত সময়ে অতিমাত্রায় নির্গত $SO_2$ ও $SO_3$ কে কষ্টিক দ্রবণে শোষণ প্রক্রিয়ায় নিয়ন্ত্রনের মাধ্যমে পরিবেশ দূষণমুক্ত রাখার লক্ষ্যে একটি গ্যাস স্ক্র্যাবার স্থাপনের উদ্যোগ গ্রহণ করে গত ২৬-১০-২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ৩৯৮তম টিএসপিসিএল পরিচালনা পর্ষদ সভায় তা স্থাপনের প্রশাসনিক অনুমোদন গ্রহণ

করা হয়। সে মোতাবেক, সালফিউরিক এসিড প্ল্যান্টে ইতোমধ্যে স্ক্র্যাবার সংযোজন করা হয়েছে। এতে প্ল্যান্ট চালুর প্রাক্কালে চিমনী দিয়ে ডিজাইন মোতাবেক $SO_2$ (1463 ppm Max) ও $SO_3$ (380 ppm Max) নিঃসরণ করতঃ পরিবেশ দূষণমুক্ত রাখা সম্ভব হচ্ছে।

৫.৩.৫ প্রস্তাবকঃ জনাব মোঃ মোহাদ্দেস হোসেন, উপ প্রধান রসায়নবিদ, যমুনা ফার্টিলাইজার কোঃ লিঃ।

ইনোভেশন উদ্যোগ/ধারণাঃ High Pressure washing water Pump (UC –P-12 ) টি ট্রিপ করে 07-09-2017 তারিখে । মেশিনারী মেইন্টেন্যাসের লোকেরা চেক করে ক্র্যাঙ্ককেসের সমস্যা পায়। মেটালিক ফ্রিকশনের কারনে LO এর তাপমাত্রা বেড়ে যায়। ফলে crank case থেকে LO বের হয়ে যায় । Work shop এ কয়েক বার maintenance করে চালানোর চেষ্টা করে চালাতে পারেনি । এই পামপটি ইউরিয়া পস্নান্ট চালাতে এবং পস্নান্ট বন্ধ করার সময় ফ্লাস করতে ব্যবহৃত হয় । এই পাম্পটি ছাড়া পস্নান্ট চালানো এবং বন্ধ করা কোন ত্রমেই সম্ভব নয়। যে কোন মূহূর্তে ইউরিয়া প্লান্ট বন্ধ হলেই পাম্পটি চালিয়ে প্রসেস লাইন ফ্লাস করা জরুরী। তা না হলে HP Loop এর বিভিন্ন লাইন Block হয়ে যেতে পারে । প্রপ্রাইটারী আইটেমের পাম্পটি দ্রুত ক্রয় করা সম্ভব নয়। পাম্পটির মূল্য প্রায় ১কোটি টাকারও বেশী । এই পরিস্থিতিতে আমি একটি বিকল্প ব্যবস্থার পরিকল্পনা করি। Low Capacity'র একটি পোর্টেবল HP washing water Pump প্রায় ২০০১ সালে থেকে অব্যবহৃত অবস্থায় পড়ে ছিল। Machinery Maintenance শাখাকে পাম্পটি চেক করে সার্ভিস উপযোগী করার জন্য অনুরোধ করি । Plant Maintenance শাখাকে Temporary Pump টির Discharge Line কে Main Pump এর Discharge Line সাথে সংযোগ দিতে বলি। পাম্পটি Low Capacity'র হওয়ায় অনেকে এর বিরোধীতা করে । আমি মো: খান জাবেদ আনোয়ার (প্রাক্তন এমডি) এবং মাহবুবা সুলতানা (বর্তমান এমডি) মহোদয়কে পাম্পটির কার্যকারিতা সম্পর্কে অবহিত করি। তারা আমার এই পরিকল্পনাকে সমর্থন করে এবং Machinery Maintenance এবং Plant Maintenance শাখাকে আমার পরিকল্পনা অনুযায়ী কাজটি করার জন্য নির্দেশ প্রদান করে। এই পাম্পটি দ্বারাই প্রডাকশন সেপ্টেম্বর'২০১৭ ইং থেকে চালু রাখা সম্বব হয়েছে। এতে কারখানার বহুকোটি টাকা আর্থিক ক্ষতি থেকে রেহায় পেয়েছে । Main Pump টি এখন পযমত্ম ক্রয় করা সম্বব হয়নি । Temporary Pump টি চালানো না হলে Main Pump টি ক্রয়ের আগ পর্যন্ত কারাখানা প্রডাকশন বন্ধ থাকত।

২১/৩/২০১৭

(প্রকৌশলী গোপীনাথ বণিক)
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
ও
ইনোভেশন অফিসার, বিসিআইসি।